গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাঘারপাড়া, যশোর
উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর
http://www.bagherpara.jessore.gov.bd

নম্বর ০৫.৪৪.৪১০৯.০০০.২০.০০১.২২.৩৭৪

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৯
১২ অক্টোবর ২০২২

নোটিশ

বিষয়: **উপজেলা পরিষদের অক্টোবর-২২ মাসের মাসিক সাধারণ সভা ও আইনশৃঙ্খলা সংক্রান্ত সভা এর নোটিশ প্রেরণ।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের অক্টোবর'-২০২২ মাসের আইনশৃঙ্খলা সভা সকাল- ৯.০০ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে এবং মাসিক সাধারণ সভা জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ১৩ অক্টোবর'২০২২ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১০.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০২(দুই) কার্যদিবস পূর্বে **কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে cobagherpara@gmail.com প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. বিভিন্ন বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনা।
৪. ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।
৫. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৬. মাননীয় উপদেষ্টা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সুপারিশসমূহ।
৭. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৮. উপজেলা পরিষদের বাসাবাড়ি ও দোকানঘর সম্পর্কিত আলোচনা।
৯. বিবিধ।

১২-১০-২০২২
সৈয়দ জাকির হাসান
উপজেলা নির্বাহী অফিসার
ফোন: ০২৪৭৭৭৭১৯১৬
ইমেইল:

unobagherpara@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জনাব রনজিত কুমার রায়, মাননীয় সংসদ সদস্য, ৮৮, যশোর-৪

২) পরিচালক, স্থানীয় সরকার, খুলনা

৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর

৪) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর

৫) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর

৬) মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর

৭) উপজেলা.............................কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর

৮) চেয়ারম্যান, জহুরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর

Edit View History Bookmarks Tools Help

Mail

https://mail.bcc.net.bd/verse

Search

HCL Verse | Mail | Calendar | People | More | Upazila Nirbahi Officers Bagher-Para

999+

Compose | Sent

olders

Find folder

Inbox 15365

Drafts

Sent

All Documents

Junk

New folder

TODAY

uz1lgd, dlgkhulna, ddlgjashore, upazilaofficergroup, uisco... 11:48 AM
বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভা ও আইনশৃঙ্খলা সভা এর নোটিশ

YESTERDAY

uz1lgd, dlgkhulna, ddlgjashore, DC Jashore- Md. ... Yesterday, 7:02 PM
Result Final for board

THIS WEEK

uiscbagherpara Oct 10
প্রত্যায়ন প্রদান
জহুরপুর, বন্দবিলা, নারিকেলবাড়িয়া দোহাকুলা ইউপি এর দৃষ্টি আকর্ষন করা হলো

LAST WEEK

Reply | Reply All | Forward

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভা ও আইনশৃঙ্খলা সভা এর নোটিশ

Wed, Oct 12 11:49 AM

Show less

From: me

To: uz1lgd <uz1lgd@gmail.com>, dlgkhulna <dlgkhulna@gmail.com>, ddlgjashore <ddlgjashore@gmail.com>, upazilaofficergroup <upazilaofficergroup@googlegroups.com>, uiscbagherpara <uiscbagherpara@googlegroups.com>

October-2022 Notice.pdf

WED 12

11 AM 12 PM 1 PM 2 PM 3 PM 4 PM 5 PM 6 PM 7 PM 8 PM 9 PM 10 PM

12:08 PM
12-10-2022

বাঘারপাড়া উপজেলা পরিষদের অক্টোবর/২০২২
মাসের মাসিক সাধারণ সভা

সভাপতি :- জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া

স্থান :- উপজেলা পরিষদ মিলনায়তন

অনুষ্ঠানসময় :- ১৩/১০/২০২২ খ্রি: বৃহস্পতিবার বেলা – ১০ ঘটিকায়

সভায় উপস্থিত জনপ্রতিনিধিগনের স্বাক্ষর :-

১। জনাব মো: আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপ: পরিষদ →

২। জনাব রথিকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান " → ১৩/১০/২২

৩। মেয়র, পৌরসভা, বাঘারপাড়া →

৪। চেয়ারম্যান, জহুরপুর ইউপি বাঘারপাড়া → 13.10.22

৫। " বন্দবিলা " " → ১৩/১০/২০২২

৬। " রায়পুর " " →

৭। " নারিকেলবাড়ীয়া " → ১৩/১০/২২

৮। " ধলগ্রাম " " → ১৩/১০/২০২২

৯। " দোহাকুলা " " → ১৩/১০/২২

১০। " দরাজহাট " " → ১৩/১০/২২

১১। " বাসুয়াড়ী " " → ১৩/১০/২০২২

১২।

সভায় উপস্থিত বিভাগীয় প্রধানগণের স্বাক্ষর উপস্থিতির ক্রমানুসারে

১। মোঃ সাইফুল্লাহ (SAE, LGED) পক্ষে উপজেলা প্রকৌঃ — সাইফুল্লাহ

২। মোঃ তৈমুর হোসেন, মহিলা বিষয়ক অধিদপ্তর (প্রশিক্ষক) [illegible]

৩। ইমরানুল ইসলাম, ভিএস (ডি/অঃ) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর।
Imranul Islam -

৪। মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় অফিসার, — [signature] ১৩/১০/২২

৫। মোঃ মাহবুবুর রহমান, UEO, — [signature] ১৩/১০/22

৬। মোঃ আকরাম হোসেন খান - USEO, — [signature] ১৩/১০/২২

৭। রোজিনা সারমীন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অঃ দাঃ) — [signature] ১৩/১০/২২

৮। মোঃ আবু হানিফ SAE, DPHE. — Hanif

৯। এ.টি.এম মাসুদ হোসেন, USSO. — [signature]

১০। পলাশ বালা, উপজেলা মৎস্য কর্মকর্তা — [signature]

১১। মোঃ রুহুল আমিন UA — [signature]

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ১৩ অক্টোবর/২০২২ বৃহস্পতিবার, বেলা-১০.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব মো: আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাঘারপাড়া,যশোর ।
০২) জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহুরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৫) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৮) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
১০) জনাব মো: জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
১১) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
১২) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব মোঃ কামরুজ্জামান, মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
০২) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

০১) জনাব মোঃ সাইফুল্লাহ, এসএই, উপজেলা প্রকৌশলীর পক্ষে, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব তৈমুর হোসেন, প্রশিক্ষক, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব ইমরানুল ইসলাম,এফ,এ, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব মোঃ মাহবুবুর রহমান, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৬) জনাব মোঃ আকরাম হোসেন খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৭) জনাব রোজিনা পারভীন, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(অঃ দাঃ), বাঘারপাড়া, যশোর।
০৮) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব এ,টি,এম মাসুদ হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১০) জনাব পলাশ বালা, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১) জনাব মোঃ রুহুল আমিন, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

০১) জনাব ডাঃ অরূপ জ্যোতি ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব প্রদীপ কুমার বিশ্বাস, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব মোঃ সেলিমুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব ফিরোজ আহম্মেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা(অঃ দাঃ), বাঘারপাড়া, যশোর।
০৫) মোঃ শাহীন কবির, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর ।

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান । উপজেলা নির্বাহী অফিসার সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন । সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	**পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ** সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি ।	সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়	উপজেলা নির্বাহী অফিসার।
০২.	**পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ** পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয় ।	১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	**বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ** (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির কোন সভার কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপিত হয়নি!	স্থায়ী কমিটিসমূহের সভার নিয়মীত করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানানো হয়।	১। সভাপতি/সদস্য সচিব, স্থায়ী কমিটি(সকল), উপজেলা পরিষদ,
০৪	**৪. উন্নয়নমূলক** (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- (ক) উপজেলা প্রকৌশলী দ্রুততার সহিত ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প(এডিপি) এর আওতায় উন্নয়ন তহবিল নির্দেশিকা মেনে প্রকল্প দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে পত্র প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। (খ) সারাদেশে পুকুর, খাল উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) এর আওতায় বাঘারপাড়া উপজেলা পরিষদের পুকুর পুনঃখনন, ঘাটলা নির্মাণ ও সৌন্দর্যবর্ধন করার প্রকল্প প্রস্তাব সভায় উপস্থাপন করেন । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে বর্ণিত প্রকল্প প্রস্তাব অনুমোদনপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয় । (গ) চেয়ারম্যান, দোহাকুলা, জামদিয়া ও বাসুয়াড়ী ইউপি সভায় বলেন যে, একটি গ্রুপ ভাঙ্গুড়া হাট পরিচালনা করে অর্থ আদায় করছে, যার ফলে উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে । সুতরাং হাটের ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহন করতে হবে অথবা হাটের কার্যক্রম বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে হাটের বর্তমান অবস্থা এবং কি ধরনের পদক্ষেপ গ্রহন করা যায় তার বিস্তারিত প্রতিবেদন উপস্থাপন করার জন্য নিম্নরুপ একটি কমিটি গঠন করা হয়ঃ **কমিটিঃ** ১। চেয়ারম্যান, জামদিয়া ইউনিয়ন পরিষদ, বাঘারপাড়া--- আহবায়ক ২। চেয়ারম্যান, দোহাকুলা ইউনিয় পরিষদ, বাঘারপাড়া---- সদস্য ৩। ইউপি সদস্য, সংশ্লিষ্ট ওয়ার্ড, জামদিয়া ইউপি, বাঘারপাড়া---- সদস্য ৪। ইউনিয়ন ভূমি কর্মকর্তা/ভূমি সহকারী কর্মকর্তা(সংশ্লিষ্ট)--- সদস্য ৫। উপজেলা প্রকৌশল দপ্তরের কমিউনিটি অর্গানাইজার--- সদস্য ৬। সভাপতি, সংশ্লিষ্ট বাজার কমিটি(যদি থাকে)--- সদস্য	(ক) চলতি মাসের মধ্যে সংশ্লিষ্ট সকলকে চেয়ারম্যান, উপজেলা পরিষদ বরাবর প্রকল্প দাখিল করার জন্য বলা হয় । (খ) বর্ণিত প্রকল্প প্রস্তাব অনুমোদন প্রদান করা হয়। (গ) গঠিত কমিটিকে হাটের বর্তমান অবস্থা এবং কি ধরনের পদক্ষেপ গ্রহন করা যায় তার বিস্তারিত প্রতিবেদন দাখিল করা জন্য বলা হয়।	(ক) ১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। ইউপি চেয়ারম্যান(সকল) ৪। সংশ্লিষ্ট সকল (খ)১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। উপজেলা প্রকৌশলী গ)১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। গঠিত কমিটি
০৫.	**আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব)** (ক)**গ্রাম পুলিশ নিয়োগের পত্রিকা বিল প্রদানঃ** উপজেলা পর্যায়ে বিভিন্ন ইউনিয়ন পরিষদে মহল্লাদর পদে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের গত ১৯-০৩-২০২০খ্রিঃ তারিখের ০৫.৪৪.৪১০৯.১১.০০১.০১৭.২০-২৭৬ নং স্মারকে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়, যার বিল বাবদ দৈনিক গ্রামরে কাগজ পত্রিকার-২৭০৪৮/- এবং সমাজের কথা পত্রিকার-১৯৯২০/- টাকার বিলভাউচার সভায় উপস্থাপন করা হয় । সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের বিলের বিজ্ঞপ্তি বিল খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয় ।	(ক) উপজেলা রাজস্ব তহবিলের বিজ্ঞপ্তি বিল খাত হতে বর্ণিত পত্রিকার বিজ্ঞিপ্তি বিল প্রদানের সিদ্ধান্ত গৃহি হয় ।	(ক) ১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার

	(খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদের মৌখিক নির্দেশে উপজেলা পরিষদের গাড়ি মেরামত করে উক্ত কাজে ব্যয়িত =২৫০০০/-(পঁচিশ হাজার) টাকা এর বিল পাওয়ার জন্য গাড়ী চালক জনাব মোঃ পলাশ হোসেন কর্তৃক আবেদন দাখিল করেছেন, যা সভায় উপস্থাপন করা হয় । এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বিল প্রদানের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।	(খ) বিলটি অনুমোদনকরতঃ প্রদানের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়।	(খ) ১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৬.	**অপারেশনাল (মাননীয় সংসদ সদস্য (উপদেষ্টা), উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা এবং ন্যাস্তকৃত/ প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)** **গ্রাম পুলিশ নিয়োগ সংক্রান্তঃ** বাঘারপাড়া উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের গত ১৯-০৩-২০২০খ্রিঃ তারিখের ০৫.৪৪.৪১০৯.১১.০০১.০১৭.২০-২৭৬ এবং ০১-০৬-২০২২ খ্রিঃ তারিখের ০৫.৪৪.৪১০৯.০০০.১২.০০১.২২- ৩৯৬ নং স্মারক পত্রের নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক বাঘারপাড়া উপজেলাধীন বিভিন্ন ইউনিয়ন পরিষদের জন্য **"মহল্লাদার"** পদে সরাসরি নিয়োগেব লক্ষে গত ১১ অক্টোবর ২০২২খ্রিঃ তারিখ উপজেলা নিয়োগ বাছাই কমিটি, বাঘারপাড়ার তত্বাবধানে অনুষ্ঠিত লিখিত, শারীরিক ও মৌখিক পরীক্ষায় নির্বাচিত হওয়ায় কমিটি কর্তৃক সুপারিশপ্রাপ্ত ২৭টি পদের বিপরীতে ২৭ জন মহল্লাদার অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করার বিষয়টি সভায় উপস্থাপন করা হয় ।	সর্বসম্মতিক্রমে ০১-১১-২০২২খ্রিঃ তারিখ যোগদান করানোর লক্ষ্যে নিয়োগ আদেশ জারী করার সিদ্ধান্ত গৃহিত হয় ।	উপজেলা নির্বাহী অফিসার
০৭.	**সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)**		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা প্রকৌশলী
খ.স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা সভায় সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি ।	কার্যপত্র প্রদানপূর্বক পরবর্তী সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।
গ.কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, খরিফ-২ মৌসুমে লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৬৮০০ হেক্টর জমিতে রোপা আমন ধানের আবাদ হয়েছে । রোপা আমন ধানের জমিতে পার্চিং কার্যক্রম, আলোক ফাদ কার্যক্রম, সুষম মাত্রায় সার প্রয়োগ, রোগ পোকা দমন কার্যক্রম চলমান আছে। রোপা আমানে সম্পূরক সেচ প্রদানের জন্য সকল সেচ যন্ত্র চালু রাখার জন্য সেচ যন্ত্রের মালিকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। আগাম শীতকালীন সবজি চাষের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তারা কৃষকদের সার্বিক পরামর্শ প্রদান করছেন। বিশেষ কর্মসূচীর আওতায় ফল গাছের পরিচর্যা, ভার্মি কম্পোষ্ট/কম্পোষ্ট তৈরী, পুষ্টি বাগান স্থাপন সহ অন্যান্য কার্যক্রমের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়েছে। সার মনিটরিং কার্যক্রম চলমান আছে। কৃষি প্রনোদনা কর্মসূচীর আওতায় মাসকলাই আবাদের জন্য ৫০ জন কৃষক ও গ্রীষ্মকালীন পেঁয়াজ আবাদের জন্য ৮০জন কৃষকের মাঝে বিনামূল্যে রাসায়নিক সার,বীজ ও অন্যান্য উপকরণ সরবরাহ করা হয়েছে। এছাড়া বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী স্থাপন ,মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা ।
ঘ.মৎস্য বিভাগ:	উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ৭ অক্টোবর ২০২২ হতে ২৮ অক্টোবর পর্যন্ত মোট ২২ দিন সারাদেশের ন্যয় উপজেলা মৎস্য দপ্তর, বাঘারপাড়া, যশোর বাঘারপাড়া উপজেলাতেও মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২২ এর সকল কার্যক্রম পরিচালনা করছেন । ২০২২-২০২৩ অর্থবছরে রাজস্ব বরাদ্দের আওতায় বাঘারপাড়া উপজেলায় অভ্যন্তরীণ জলাভূমি/ বর্ষাপ্লাবিত ধানক্ষেত/ প্লাবনভূমি/ প্রাতিষ্ঠানিক	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা মৎস্য কর্মকর্তা।

	জলাশয়ে পোনামাছ অবমুক্তি কার্যক্রমের আওতায় উপজেলা উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্ত কমিটির সিদ্ধান্ত অনুযায়ি পোনামাছ গ্রহণ ও অবমুক্তকরন কমিটির উপস্থিতিতে গত ০৭/০৯/২০২২ খ্রি. তারিখ উপজেলা চত্বরে পোনামাছ সরবরাহকারীর নিকট হতে ৩৮৫ কেজি পোনা মাছ গ্রহণ ও অবমুক্ত কার্যক্রম পরিচালিত হয়। উপজেলা প্রশাসনের সহযোগিতায় বাঘারপাড়া উপজেলার বিভিন্ন বাজারে মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। উক্ত মোবাইল কোর্ট পরিচালনার সময় জামদিয়া ইউনিয়নে ২ টি মৎস্য বিক্রেতাকারী প্রতিষ্ঠানের কোন কার্যক্রম না পাওয়ায় প্রতিষ্ঠান ২টির লাইসেন্স বাতিলের আবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়।এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে।		
ঙ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার পক্ষ্যে সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে । তিনি আরো জানান যে, (১) কৃত্রিম প্রজনন ক) তরল সিমেন- ২৩৪টি, খ)হিমায়িত সিমেন-১২৫০টি, (২) টিকা প্রদান- (ক) গবাদি পশু-২৮৬০টি, (খ) হাস-মুরগী-২৯০০০টি, (৩) চিকিংসা প্রদান- (ক) গবাদি পশু-২০৪৭টি, (খ) পোষা প্রাণী- ০২টি, (৪)খামার পরিদর্শন-০৮টি (৫) উঠান বৈঠক-০৪টি সম্পন্ন করা হয়েছে।	দাপ্তরিক কর্মকান্ড সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো ।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চ.সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, বয়স্ক ভাতা প্রত্যাশীদের অপেক্ষমান তালিকা স্বস্ব ইউনিয়ন কমিটির মাধ্যমে প্রেরণের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বরাবরে চিঠি প্রেরণ করা হয়েছিল, সকল ইউনিয়নের তালিকা পাওয়া গেছে। প্রতিস্থাপনের কাজ চলমান আছে। ১ম কিস্তির পেরোল প্রেরণ করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে প্রতিবন্ধী ভাতা প্রত্যাশীদের অনলাইনে আবেদন করতে হবে এবিষয়ে সংশ্লিষ্ট সকলকে পত্র প্রদান করা হয়েছে। পৌরসভাসহ সকল ইউনিয়ন হতে সর্বমোট-৮৭৫ টি আবেদন পাওয়া গেছে। বরাদ্দ পাওয়ার পর পরবর্তি ব্যবস্থা নেওয়া হবে। বিভাগের অন্যান্য কার্যক্রম সন্তোষজনক। (২) এছাড়া তিনি দ্রুততার সহিত ইউনিয়ন ওয়ারী ভিক্ষুকদের তালিকা দেওয়ার জন্য মেয়র, বাঘারপাড়া পৌরসভা এবং সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান ।	ভাতা প্রদান ও দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো । (২) প্রকৃত ভিক্ষুকদের তালিকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয় ।	(১) উপজেলা সমাজসেবা কর্মকর্তা (২) মেয়র/ইউপি চেয়ারম্যান(সকল)
ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দপ্তরের কার্যপত্র থেকে জানা যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৬০৩৭ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৮২৭৬(চক্র) কনডম ১৮৭৫১ (পিস) ইনজেকটেবল ১২২৯ জন আইইউডি ০৮জন, ইমপ্লান্ট ৩৫জন, স্থায়ী পদ্ধতী পরুষ ০০জন, মহিলা ০১ মোট ০১ জন ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো ।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জ.শিক্ষা বিভাগ (প্রাথমিক):	উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ২৪ সেপ্টেম্বর ২০২২ তারিখ সুষ্টু ও সুন্দরভাবে অত্র উপজেলায় মীনা দিবস পালিত হয়। মীনা দিবস উপলক্ষে উপজেলা বর্নাঢ্য র‌্যালী অনুষ্ঠিত হয়। শিশুদের মাঝে উপকরন বিতরন করা হয়। মীনা দিবস উপলক্ষে শিশুদের মাঝে চিত্রাংকন প্রতিযোগীতাসহ গল্প মেলার আয়োজন করা হয়।আগামী ১৮ অক্টোবর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর জন্মদিন উপলক্ষে উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের মধ্যে উপস্থিত বক্তৃতা, কবিতা আবৃত্তি ও চিত্রাংকন প্রতিযোগীতাসহ অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী সকল প্রকার কাযক্রম বাস্তবায়নের জন্য সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রয়োজনীয় নির্দেশ প্রদান করা হয়েছে। বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২২ এবং বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২২ এর জেলা পর্যায়ে খেলা অনুষ্ঠিত হয়েছে। উর্দ্ধতন অফিস কর্তৃক প্রাপ্ত সকল নির্দেশনা বাস্তবায়নের জন্য প্রধান শিক্ষকদের মাসিক সমন্বয় সভায় অবহিত করা হয়েছে। অত্র উপজেলার শিক্ষকদেরসহ দাপ্তরিক অন্যান্য সকল নিয়মিত কার্যক্রম যথাযথভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো ।	উপজেলা শিক্ষা কর্মকর্তা

ঋ. শিক্ষা বিভাগ (মাধ্যমিক):	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে । তিনি আরো জানান যে, গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগীতা সফলভাবে সম্পন্ন হয়েছে । এসএসসি পরীক্ষা সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানের আইসিটি শিক্ষকদের ০৩দিনের বিশেষ প্রশিক্ষণ চলমান আছে । আগামী ২৪.১০.২০২২খ্রিঃ তারিখ বিজ্ঞান বিষয়ক কুইজ এবং বিজ্ঞান সভা অনুষ্ঠিত হবে ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা জন্য অনুরোধ জানানো হয় ।	(১) ও (২) উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
ঞ. পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড বর্তমান সরকাররের রুপকল্প-২০২১ বাস্তবায়নে কাজ করে আসছে। তাছাড়া গ্রামের সাধারণ জনগণকে একত্রিত করে সংগঠনের মাধ্যমে স্বনির্ভরতা অর্জন, পূর্জি গঠণ, প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কৃষক সমিতি, বিত্তহীন পুরুষ ও মহিলাদের নিয়ে কাযক্রম পরিচালনা করে থাকে। ২২৮টি সমিতিরি ৬৫৮৯ জন সমবায়ীর মাঝে ২০২২-২৩ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৮৬৬.০৮ লক্ষ টাকা। তম্মধ্যে চলতি আর্থিক বছরে ২০৭জন সদস্যর মধ্যে ৮৪.০১ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ৭৮.৭০ ঋণ আদায় করা হয়েছে। বিআরডিবি আওতাভুক্ত সকল প্রকল্প/কর্মসূচীর মাধ্যমে দারিদ্র্যতা নিরসনে ও আত্ননির্ভশীলতা সৃষ্টি কল্পে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। বিভিন্ন সমিতিতে চলতি ও খেলাপী ঋণের টাকা আদায়ে সম্মনিত চেয়ারম্যানবৃন্দ ও অন্যান্য কর্মকর্তাদের আন্তরিক সহযোগীতা কামনা করেন।	(১)দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয় ।	(১) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হলো ।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ :	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে । অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৬০টি ২০২১-২০২২সনে অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত মোট ২২টি প্রাথমিক সমিতি অডিট সম্পাদন করা হয়েছে । ২০২০-২০২১সনে মোট আদায়যোগ্য অডিট ফি ১,১০,৭০০/-টাকা। আদায়কৃত অডিট ফি ১,১০,৭০০/-টাকা আদায়ের হার ১০০%। এছাড়া আদায়যোগ্য সিডিএফ ধার্য করা হয়েছে-৬২৪৪৫/-টাকা, যার মধ্যে আদায় হয়েছে ৬২,৪৪৫/-টাকা, আদায়ের হার ১০০%। উপজেলার ৪ (চার) টি আশ্রয়ণ প্রকল্পে মুল বরাদ্ধ পাওয়া গেছে ৭৬০০০০/-টাকা উহাসহ এপর্যন্ত ঘৃর্ণায়মান হিসাবে মোট ঋণ বিতরণ করা হয়েছে ৩৭,৭৩,০০০/-টাকা এবং চলতি মাসে আদায়কৃত ঋণের পরিমান ৫,৭০০/-টাকা এখানে মোট আদায়যোগ্য ঋণের পরিমান ৪০,৭৪,৮৪০/-টাকা মোট ঋণ আদায় ৩৫,৫২,৩৯৪/-টাকা অনাদায়ী ঋণের পরিমান ৫,২৭,৪৪৬/-টাকা। আদায়ের হার ৮৭%।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো ।	উপজেলা সমবায় কর্মকর্তা
ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বাঘারপাড়া উপজেলায় বর্তমানে ভিডব্লিউবি উপকারভোগীর সংখ্যা ২১৫১ জন ।ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় সেপ্টেম্বর/২২ মাস পর্যন্ত ভাতাভোগীদের খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে । অক্টোবর/২০২২ মাসের খাদ্য বিতরণের ডিও প্রদান করা হয়েছে । মাতৃত্বকালীনভাতা ও ল্যাকটেটিং মাদার সহায়তা কর্মসূচির আওতায় ভাতাভোগীদের এজিওর মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে । আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের আওতায় বর্তমানে ১৬ তম ব্যাচে ২৫ (পঁচিশ) জন করে দুটি ট্রেডে মোট ৫০ জন মহিলার প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত হয়েছে এবং ১৭ তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম সাময়িকভাবে স্থগিত রয়েছে। ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান রয়েছে । অক্টোবর/২০২২ মাস পর্যন্ত ৩১৯ জনকে ৩৩,২৮,০০০ টাকা প্রদান করা হয়েছে।বাল্য বিবাহ, নারী নির্যাতন, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠান বৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে । নারী ওশিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে । "জয়িতা অন্বেষনে বাংলাদেশ" শীর্ষক কর্মসূচীর	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো ।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ।

	আওতায় প্রতি বছরের ন্যায় এ বছরও ৯ ডিসেম্বর/২০২২ বেগম রোকেয়া দিবসে জয়িতাদের সংবর্ধনা দেওয়ার জন্য ০৫ (পাঁচ) ক্যাটাগরীর ০৫ (পাঁচ) জন জয়িতা নির্বাচন করে নিম্নস্বাক্ষকারীর দপ্তরে আগামী ২৫/১০/২০২২ খ্রি. তারিখের মধ্যে জয়িতাদের নামের তালিকা প্রেরণ করার জন্য পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের পত্র প্রেরণ করা হয়েছে।		
ঢ. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার পক্ষে সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ণ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, নতুন গভীর নলকুপের কোন ঠিকাদার কাজ পেয়েছে তা আগামী সপ্তাহে জানা যাবে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
ত. বন বিভাগ	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হলো।	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর
০৯.বিবিধ:	(১) উপজেলা নির্বাহ অফিসার সকলকে যেকোন পরিস্থিতে একে অপরের সহিত হৃদ্রতাপূর্ণভাবে আলোচনার মাধ্যমে কার্যক্রম বাস্তবায়নসহ অত্র উপজেলার উন্নয়নে কাজ করার আহবান জানান।	(১)উপজেলার উন্নয়ন জনপ্রতিনিধী ও সরকারি কর্মকর্তা/কর্মচারীগণকে মিলেমিশে কাজ করার আহবান জানানো হয়।	(১)সংশ্লিষ্ট সকল

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

ভিক্টোরিয়া পারভীন সাথী
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২২-৫৬ **তারিখঃ ২৬/ ১০/ ২০২২ খ্রিঃ।**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ,খুলনা।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৮. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৯ মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
১০. উপজেলা .... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১.চেয়ারম্যান,...ইউনিয়নপরিষদ,বাঘারপাড়া,যশোর।
১২.সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

সৈয়দ জাকির হাসান
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।